ঝাড়গ্রাম, ৬ জানুয়ারি (হি. স.) : শীতের সকালে আণ্ডন পোহানোর সময় হাতির হামলায় প্রাণ হারালেন এক ব্যক্তি। বৃধবার সকালে ঘটনাটি ঘটেছে ঝাঙ্গাম জেলার একেবারে ঝাড়খন্ড সীমান্তবর্তী বেলপাহাড়ী রোঞ্জের জোড়কদা গ্রামে। বনদফতর সূত্রে জানা গিয়েছে মৃত ব্যক্তির নাম বিশ্বনাথ মাস্তী (৬৫)। স্থানীয় সূত্রে জানা গিয়েছে এদিন সকাল ৬ টা নাগাদ আণ্ডন পোহাতে ছিলেন বিশ্বনাথ মাস্তী ও তার স্ত্রী। ওই সময় প্রথমে বিশ্বনাথ বাবুর স্ত্রীকে তাড়া করে একটি হাতি। তার স্ত্রী কোনও ভাবে পালিয়ে প্রাণে বাঁচেন। কিন্তু বিশ্বনাথ বাবু কানে শোনেন তাই তাঁকে সেখান থেকে পালিয়ে যাওয়ার কথা বলেও তিনি কানে শুনতে পাননি বলে স্থানীয় সূত্রে জানা গিয়েছে। ওই সময় হাতিটি তাঁকে শুঁড়ে ধরে আছাড়ি মারলে ঘটনাস্থলেই মৃত্যু হয় তার। পরে স্থানীয় মানুষজনেরা হাতিটিকে তাড়া করলে গ্রামের পাশে জঙ্গলে প্রবেশ করে। এরপর স্থানীয় মানুষজন বিশ্বনাথ মাস্তীকে উদ্ধার করে প্রথমে বেলপাহাড়ী গ্রামীন হাসপাতালে নিয়ে আসেন। হাসপাতালের চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষনা করেন। এরপর ময়নাতদন্ত করার জন্য মৃতদেহ ঝাঙ্গাম জেলা সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠিয়ে দেন। স্থানীয় সূত্রে জানা গিয়েছে গত সোমবার ২২ টি হাতির একটি দল ঝাড়খন্ডের লালডাঙ্গা, চালুনিয়া, কেন্দাডাংরি এলাকায় এসেছিল। ওই সময় একটি হাতি দল ছুট হয়ে বাংলায় ঢুকে পড়ে। সেই হাতিটি সীমান্তবর্তী লোয়াদা, চুটীয়াভূদরী হয়ে জোড়কদা গ্রামের দিকে আসে। বনদফতর সূত্রে জানা গিয়েছে হাতিটিকে চুটীয়াভূদরী দিকে পাঠিয়ে দেওয়া হয়েছে। পরে বনকরীরা হাতিটিকে কাঁখাতে পাঠিয়ে দেওয়া হবে বলে জানিয়েছে বনদফতর। স্থানীয় সূত্রে জানা গিয়েছে গত দুদিন আগে হাতিটি ঝাড়খন্ডের বর্ডার এলাকার কুলগিরি, জামশেলি, কাশিডাঙ্গা ও মুনিয়াঙ্গা এলাকায় তান্তব চলিয়ে বেশ কিছু শীতকালীন সবজির ক্ষয়ক্ষতি করেছে। উল্লেখ্য এন সহায়ক নিগোয়ে ফ্লা পাটির যোগ্য সদস্যরা চাকুরী না পাওয়াতে হাতি তাড়ানো বিরত রয়েছে ঝাঙ্গাম জেলায় যার ফলে যে হাতি গুলি ঝাড়খন্ড, ওড়িশার দিক থেকে বাংলায় ঢুকেছে তাদেরকে তাড়ানো হচ্ছে না। যার ফলে হাতির সংখ্যা বাড়াচ্ছে ঝাঙ্গাম জেলায়। আর তাতেই হাতির আক্রমণে বাড়ছে আহত, মৃত্যু সংখ্যা। এবিষয়েড ঝাঙ্গামের ডিএফও বাসব রাজ হোলচি বলেন, ‘ হাতির আক্রমণে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। তার পরিবার ক্ষতিপূরণ পাবেন। ওই এলাকায় একটি হাতি রয়েছে। হাতিটিকে ঝাড়খন্ডের দিকে পাঠানোর চেষ্টা করছে বনকর্মীরা

উৎকর্গার অবসান, উদ্ধার প্রাক্তন সাংসদ বিশ্বজিৎ দৈমারির নিখোঁজ নাবালক-পুত্র

গুয়াহাটি, ৬ জানুয়ারি (হি.স.) : উৎকর্গার অবসান ঘটিয়ে রাজ্যসভার প্রাক্তন সাংসদ তথা বিজেপি নেতা বিশ্বজিৎ দৈমারির নিখোঁজ নাবালক-পুত্র অমিতরাজ মৌরীকে অন্তত অস্থায়ী উদ্ধার করেছে রাজ্য পুলিশ। রাজ্য পুলিশের অতিরিক্ত সঞ্চালক-প্রধান (আইন-শৃঙ্খলা) জিপি সিং টুইট করে স্বস্তিজনক এই খবর দিয়েছেন। টুইটার হ্যান্ডলে জিপি সিং লিখেছেন, ‘প্রাক্তন সাংসদ বিশ্বজিৎ দৈমারির নিখোঁজ পুত্রের সন্ধান পাওয়া গেছে। আমাদের সকলের জন্য এটা বিরাট সন্ডি।’ গতকাল মঙ্গলবার বেলা সাড়ে বারোট। নাগাদ থেকে সে তার স্কুলের হস্টেল থেকে নিখোঁজ হয়েছিল। কোকরাঝাড়ের পুলিশ সুপার রাস্কো রোশন ঘটনার গুরুত্ব উপলব্ধি করে নিজে চলেত্বের নেতৃত্ব দিচ্ছিলেন। তাঁর নেতৃত্বে পুলিশের পৃথক পৃথক দল প্রাক্তন সাংসদ দৈমারির ১৬ বছর বয়সি ছেলের সন্ধান বের করতে গোটা বিটিআর-এর পাশাপাশি গুয়াহাটি এবং দিল্লিতেও ব্যাপক অভিযান চালায়। আজ সকালে আশা ব্যক্ত করে পুলিশ সুপার জানিয়েছিলেন, আজকের মধ্যে তাঁরা নিখোঁজ অমিতরাজের সন্ধান পেয়ে যাবেন। তাঁর আশা যথার্থ হয়েছে। আজ বৃধবার দুপুরের দিকে বঙাইগাঁও এবং চিরাং জেলার সীমান্তবর্তী চাঁপাণ্ডি এলাকার একটি বাসস্ট্যান্ড থেকে অমিতরাজকে উদ্ধার করতে সক্ষম হয়েছে চিরাং পুলিশ। প্রাক্তন সাংসদ তথা বিজেপি নেতা বিশ্বজিৎ দৈমারির ছেলে অমৃতরাজ কোকরাঝাড়ে অবস্থিত আবাসিক বিদ্যালয় রিয়ালিটি পাবলিক স্কুলের দশম শ্রেণির ছাত্র। সাংসদ দৈমারি গতকাল থেকে বলছিলেন, তাঁর ছেলে অপহৃত হয়েছে বলে তিনি মনে করেন না। কেননা, গত কয়েকদিন আগে সে নাকি স্কুলের হস্টেল ছেড়ে বাড়ি এসেছিল। হস্টেলে থাকায় তার অনিচ্ছ। তাঁরা তাকে জোর করে স্কুলের হস্টেলে পাঠিয়েছিলেন। তাই সম্ভবত হস্টেল ছেড়ে পালিয়েছে ছেলে, আশঙ্কা করে বলেছিলেন বিশ্বজিৎ।

পিএমসি ব্যাক্ষ জালিয়াতি ১১ জানুয়ারি রাউতের স্ত্রীকে তলব ইডি-র

মুম্বই, ৬ জানুয়ারি (হি.স.): পঞ্জাব অ্যান্ড মহারাষ্ট্র কো-অপারেটিভ (পিএমসি) ব্যাক্ষ কেলেঙ্কারি মামলায় শিবসেনা নেতা ও সাংসদ সঞ্জয় রাউতের স্ত্রী বর্বা রাউতকে ফের সমন পাঠাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। এবার আগামী ১১ জানুয়ারি (সোমবার) ইডি-র দফতরে হাজিরা দিতে বলা হয়েছে রাউতের স্ত্রীকে। বৃধবার সঞ্জয় রাউতের স্ত্রীকে সমন পাঠিয়ে ইডি জানিয়েছে, পিএমসি ব্যাক্ষ জালিয়াতি মামলায় জিজ্ঞাসাবাদের জন্য বর্বা রাউতকে আগামী ১১ জানুয়ারি হাজিরা দিতে হবে। গত বছরের সেপ্টেম্বরে পিএমসি-তে ৪,৩৫৫ কোটি টাকার তছরূপের বিবয়টি সামনে আসে। তার পরই রিজার্ভ ব্যাক্ষ পিএমসি-র সমস্ত আর্থিক লেনদেনে স্বগিতাদেশ দেয়। এই মামলায় আগেও বর্বাকে হাজিরা হতে বাহাজিরা হতে। কিন্তু, কোনও না কোনও কারণ দেখিয়ে ইডি-র দফতরে হাজিরা দেননি সঞ্জয় রাউতের স্ত্রী। কেউ যদি পর পূর্ণ তিহাতি তলব এড়িয়ে যান, তখন ইডি তাঁর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে পারে। এক্ষেত্রে স্ত্রী হয়, তাই এখন দেখার।

বিজেপিতে

তিনের পাতার পর করলেন। এই গ্রাম পঞ্চায়তের তৃণমূলের প্রাক্তন উপপ্রধান সোমার রায়ের হাত ধরে তাঁরা যোগদান করেছেন। অন্যদিকে বিজেপির পালটা হিসেবে বিকেল থেকে কর্মসূচি শুরু হয়েছে তৃণমূলের। এদিন বিকেলে উত্তর নওগ্রাম মাঠে বিশেষ কর্মসূচির আয়োজন করা হয় তৃণমূলের তরফে।

অভিযোগ বিজেপি-র

পাচের পাতার পর পরিবর্তে নিজের প্রশাসনিক ক্ষমতায় ওয়েস্ট বেঙ্গল হাউসিং ইভাস্টি রে গুলেশন এক্ট চালু করেন। এটার বৈধতা নিয়ে প্রশ্ন উঠলেও পশ্চিমবঙ্গের মানুষের জন্য উচিত পিসি তাদের প্রতারণা করছেন। স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠবে পিসি কি তাঁর বিল্ডিং সিডিক্ট চালু রাখতেই রেরা-কে অনুমোদন দিলেন না? তিনি কি তাহলে শুধুই তাঁর পেট মোটা চামচাদেই খাঁয়ে যাবেন, পশ্চিমবঙ্গের সেই মধ্যবিত্ত মানুষদের কথা ভাববেন না, যাদের কাছে বাড়ি তৈরি আজীবনের স্বপ্ন।

সুজন চক্রবর্তী

পাচের পাতার পর রাজনীতির দলবদলের পাকা পুরনো খেলোয়াড়েরা সংবাদমাধ্যমে প্রতিদিনই দলবদলুদের সমালোচনায় নতুন করে গলা ফাটোচ্ছেন চূড়াড্ড নির্লজ্জ। অনুপ্রেরণার প্রাবল্যে কলুষিত হচ্ছে রাজা !! এমন বিপদটা যে নিজের ঘরেই ঢুকে পড়ছে, মাননীয় !! কলুষিত হচ্ছে বাংলার রাজনীতি। দায় করা - মাননীয় ?

আইপিএফটির

● **প্রথম পাতার পর**
বিজেপি সরকার। তিনি তাও বলেন। গত কিছুদিন আগে চাকমা ঘাট স্থিত পিজিপি দপ্তর থেকে এলাকার ২০০ জন রিয়াং জনজাতি অংশের বেনিফিসারী কে বিনে পয়সায় সুতো টান করার কথা ছিল কিন্তু তিনি অভিযোগ করে বলেন পিজিপি দপ্তর এর চেয়ারম্যান জীবনজয় রিয়াং ও সদস্য মুতুঞ্জয় রিয়াং এবং আইপিএফটি নেতা তথা মুন্সিয়াকামি ব্লকের ভাইস চেয়ারম্যান সুনীল দেববর্মী প্রত্যেক বেনিফিসারী থাকে ১৩০ টাকা করে ২৬০০০ টাকা বন্টনের অর্গেই নিয়ে নেন। এই সাংবাদিক সম্মেলনে তারা দাবি করেন গরিব বেনিফিসারী দের কাছ থেকে বিনা পয়সায় সুতো বন্টনের নামে যে টাকা তারা আশ্বাস্য করেছে তা অবিলম্বে বেনিফিসারী দের ফিরিয়ে দেওয়ার জন্য।

বৈঠক

● **প্রথম পাতার পর**
না বলে তিনি দুঢ় প্রত্যয় ব্যক্ত করেন। মমতা ব্যানার্জি মা মাটি মানুষ নিয়ে যে গর্ব করেন সে গর্ব হয়ে গেছে বলেও তিনি উল্লেখ করেন। পশ্চিমবঙ্গের মা মাটি মানুষ মমতা ব্যানার্জিকে যোগ্য জবাব দিতে প্রস্তুত বলেও তিনি অভিমত ব্যক্ত করেন। পশ্চিমবঙ্গে বিজেপিকে ক্ষমতায় আনার জন্য মানুষজন ঐক্যবদ্ধ হচ্ছেন বলেও তিনি উল্লেখ করেন। ত্রিপুরা স্ব-শাসিত জেলা পরিদপ এবং রাজ্যের পৌর সংগঠনের নির্বাচনকে সামনে রেখে বিজেপির রাজ্য প্রচারণার এই সফর খুবই গুরুত্বপূর্ণ বলে মনে করছেন রাজনৈতিক বিশেষজ্ঞ মহল।

কৃষিমন্ত্রী

● **প্রথম পাতার পর**
রায়েন গোমতী জিলা পরিবদের সভাপতিত্ব স্বপন অধিকারি, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক রঞ্জিত দাস, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সচিব চন্দ্রকুমার জমাতিয়া। স্বাগত বক্তব্য রায়েন জেলা কৃষি ও কৃষক কল্যাণ কার্যালয়ের উপাধিকর্তা প্রিয়ব্রত বৈদ্য। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন টিটিএডিসি’র প্রাক্তন কার্যনির্বাহী সদস্য জয়কিশোর জমাতিয়া। অনুষ্ঠানে বিভিন্ন পঞ্চায়ত সমিতি ও বিএসসি চেয়ারম্যানগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কৃষকদের মধ্যে ভুক্তকীতে ২৮৫টি কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রী

● **প্রথম পাতার পর**
বলে জানা গিয়েছে।
মধ্যপ্রদেশে বাত্ব হুড়ু পরিস্থিতি নিয়ে বৃধবার সকালে উচ্চ-পর্যায়ের বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। জেলাস্তরে গোটা পরিস্থিতির দিকে নজর রাখার জন্য নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। ভাইরাস শনাক্ত করার জন্য পোল্ডি ফার্মে চেকিং শুরু করতে বলেছেন মুখ্যমন্ত্রী। শিবরাজের কথায়, প্রভাবিত এলাকায় বাত্ব হুড়ু ভাইরাস মেলেনি। আপাতত কেবল ও অন্যান্য রাজ্য থেকে মুরগি আনার ক্ষেত্রে স্বগিতাদেশ জারি করা হয়েছে। গোটা পরিস্থিতির দিকে আমাদের নজর রয়েছে।

বেকাররা

● **প্রথম পাতার পর**
করতেই বৃধবার তারা গোর্খা বস্তিতে স্বাস্থ্য দপ্তরের প্রধান কার্যালয় ঘেরাও করে প্রতিবাদ-বিক্ষেপত শুরু করেন। এ বিঘ্নে স্বাস্থ্য অধিকর্তা এবং রাজ্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করলে তারা আরও বৃহত্তর আন্দোলনে শামিল হতে বাধ্য হবে বলে ঐশ্বরীয়ার দিয়েছে।

বন্ধু

● **প্রথম পাতার পর**
ভিত্তিতে চিরাঞ্জিৎ দাস কে গতকাল রাতে আগরতলা পূর্ব থানার পুলিশ তার বাড়ি থেকে আটক করে। মামলার তদন্তকারী পুলিশ অফিসার জানিয়েছেন অভিযুক্তকে আদালতে সেপার করা হয়েছে।

কৃষি

● **প্রথম পাতার পর**
পর্যত আন্দোলন প্রত্যাহার হচ্ছে ততদিন পর্যন্ত কি এই নতুন আইন বলবৎ থেকে বিরত থাকা কি যায়।

বক্সনগরে নবনির্মিত স্কুল বিন্ডিংয়ের নির্মাণ কাজ ও স্কুল পরিদর্শনে শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, বঙ্গনগর, ৬ জানুয়ারি। সোনামুড়া মহকুমার বক্সনগর ব্লক এলাকার বিভিন্ন স্কুলের পঠনপাঠনে এবং বক্সনগর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের নবনির্মিত অসমাপ্ত বিন্ডিংয়ের নির্মাণ কাজ পরিদর্শন করলেন বৃধবার রাজ্যের শিক্ষামন্ত্রী রতনলাল নাথ। শিক্ষামন্ত্রীর সফরসঙ্গী হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষ দফতরের ডাইরেক্টর ডি কে দাসমা, ওয়াক্ষ বোর্ডের চেয়ারম্যান বাহরুল ইসলাম মজুমদার, চিফ সেক্রেটারি কিরণ গিত্তো, চিফ ইঞ্জিনিয়ার সফর্যতা দাস, বক্সনগর ব্লকের বিডিও, সমিতির চেয়ারম্যান এবং এলাকার বিশিষ্ট সমাজসেবির। সকাল ১১টায় বক্সনগর নবনির্মিত স্কুল বিন্ডিংয়ে উপস্থিত হন শিক্ষামন্ত্রী রতন নাথ। প্রথমে স্কয়ার নিটার বিশিষ্ট নবনির্মিত স্কুল ভবনটি পায়ে হেঁটে পরিদর্শন করেন। এই নবনির্মিত ভবনটির মোট বনাদ ছিলো ৫ কোটি ২৭ লক্ষ টাকা। ২০১৫ সালে নবনির্মিত স্কুল ভবনটির কাজ শুরু হয়েছিলো। কাজ শেষ হওয়ার কথা ছিলো ২০১৭ সালে। কিন্তু তৎকালীন বাম আন্দলের আমলা নেতাদের রাজনীতির কারণে কাজটি যথা সময়ে সম্পন্ন করতে পারেনি এবং উদ্বেগবোধের কাজটি করার যে মনোর আশা আর পূর্ণ হয়নি। এই পুরো বিন্ডিংয়ের কাজের তদারকির দায়িত্ব রয়েছেন রাজ্য পূর্ত দপ্তর। সেই সুবাদে জানা যায় মাত্র ১ কোটি টাকা দিয়ে কাজটি শুরু করেছিলো শিক্ষা দফতর। শিক্ষা দফতর পূর্ত দফতরকে পরে আর টাকা না দেওয়ার কারণে কাজটি প্রায় দুই বছর বন্ধ হয়ে আছে। তাই কাজটির টিকাদারি বিশ্বজিৎ বায় সরকারি টাকা ১ কোটি খরচ করার পর টিকাদারবাবু নিজে ১ কোটি ১০ লক্ষ টাকার মধ্যে ২৬০ কোটি করে রেখেছেন। কিন্তু সরকারি কেন বিল পায়নি। তাই কাজটি দীর্ঘদিন যাবত বন্ধ। বর্তমানে বক্সনগর দ্বাদশ মার্দের স্কুলটি স্বল্প কক্ষ বিশিষ্ট অব্যবহৃতপূর্ণ জায়গায় থাকায় হঠাৎ শিক্ষামন্ত্রীর এই সফর। শিক্ষামন্ত্রীর পরিদর্শনকালে নির্মিত স্কুল ভবনটির মধ্যে কতামো কিছু টাইলস খসে পড়ে যাওয়ার ক্ষেত্ উগরে দেন মন্ত্রী শ্রীনাথ। কিন্তু তিনি খবরই দেননি যে ভবনটির প্রতিটি কক্ষের তাল্লা ভেঙে মাফিয়া ও পাচারকারীদের মুগায়া ক্ষেত্র ছিলো রাতের বেলায়। ভবনটির একটি কক্ষে বসার ব্যবস্থা করেন টিকাদারবাবু। মন্ত্রীাবু ও তার সহকর্মীদের নিয়ে টিকাদারবাবুর সঙ্গে প্রায় এক ঘণ্টা আলাপচারিতা করেন। আলাপচারিতাকালে খৌজখবর নিয়ে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ বলেন, তিন মাসে জন্ম বিক্রি করে হলেও অসমাপ্ত নির্মাণ কাজ সম্পন্ন করার নির্দেশ দেন টিকাদার কিঞ্জিৎবাবুকে। বলেন, শিক্ষা দফতর থেকে এখন ৩০ লক্ষ টাকা দেওয়া হবে। তাছাড়া সাংবাদিকদের মুখোমুখি হয়ে শ্রীনাথ বলেন, মুখ্যমন্ত্রীর নির্দেশে শ্বশ কর হলেও শিক্ষা দফতরের স্কুল বিন্ডিংগুলির অসমাপ্ত কাজ সম্পন্ন করতে হবে। আগামী এপ্রিল-মে মাসে শিক্ষাবর্ষে নবনির্মিত ভবনগুলিতে শিক্ষার পঠনপাঠনে চালু করতে হবে।

ইট সলিং রাস্তা


আটের পাতার পর মিটার ইট সলিং রাস্তায় ইট বিছানো হয়েছে। বায় হয়েছে ১৩ লক্ষ ৪১ হাজার ৩৭১ টাকা। এছাড়াও পশ্চিম মনপুই ডিলেজের সাথার তুইসুরপেং থেকে পুলিয়াসানগা গোর্ডেন পর্যন্ত ৩৭০ মিটার ইট সলিং রাস্তা করা হয়েছে। বায় হয়েছে ৪ লক্ষ ১৮ হাজার ৬১ টাকা। ব্লকের ভাংনুন ডিলেজের জম্পই মার্কেটের চারপাশে ২৬৮ মিটার ইট সলিং রাস্তার কাজ করা হয়েছে। এতে বায় হয়েছে ৪ লক্ষ ৯৪ হাজার ৯৩০ টাকা। কা’নপুর আর ডি ডিভিশন কার্যালয় থেকে এই সববাদ জানানো হয়েছে।

আহত চার

● **প্রথম পাতার পর**
মেয়ে তামারা দেবনাথের ও পায়ের আঘাত লাগে। দুইজনকেই জিবিপি হাসপাতালে রেফার করে দেয়। গাড়ি এবং স্কুট দুটিকেই বিশ্রামগঞ্জ থানা পুলিশ নিয়ে যায়।

ফের সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত ১ যুবক। ঘটনা আজ মঙ্গলবার রাত আনুমানিক ১১ টা ৩০ মিনিট নাগাদ তেলিয়ামুড়া থানাধীন তুইসিদ্দাই বাজার এলাকার আসাম আগরতলা জাতীয় সড়কে। ঘটনার বিবরণে জানা যায়, আজ রাত আনুমানিক ১১ টা ৩০ নাগাদ বিপ্লব রুদ্র পাল নিজের মোটর সাইকেল নিয়ে যার নিজ বাড়ির উদ্দেশ্যে আসার সময় তুইসিদ্দাই বাজার এলাকায় আসতেই হঠাৎ অপরদিক থেকে আসা একটি ১০ চাকার লড়ির তীব্র শ্রখর আলোয় বাইক আরোহী বিপ্লব। এই তীব্র বিকট নিজ গতির নিয়ন্ত্রণ হাড়িয়ে তুইসিদ্দাই বাজার এলাকায় রাস্তার মোড়ে থাকা একটি বট গাছের সাথে গিয়ে সংজোর ধাক্কা মারে। সাথে সাথেই বাইক থেকে ছিটকে পড়ে যায় ওই বাইক আরোহী বিপ্লব। এই তীব্র বিকট শব্দে ছুটে আসে আশ-পাশের লোকজন এবং খবর দেয় তেলিয়ামুড়া ফায়ার সার্ভিস কর্মীদের। এই খবর পেয়েই তড়িঘরি করে ঘটনাস্থলে ছুটে গিয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা গুরুতর আহত মঙ্গল বাহিনীর পড়ে থাকা ওই বাইক আরোহীকে উদ্ধার করে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে নিয়ে আসে। এইদিকে বর্তমানে তাঁর মাথায় প্রচন্ড আঘাত লাগায় ও বস্ত্রকন্নন হওয়ার দরুন প্রাথমিক চিকিৎসার পর তাকে উন্নত চিকিৎহার জন্য তেলিয়ামুড়া মহকুমা হাসপাতাল থেকে আগরতলার জিবি হাসপাতালে রেফার করা হয়। এইদিকে প্রতিনিয়ত এই সড়ক দুর্ঘটনাকে কেন্দ্র করে শুভবুদ্ধি সম্পন্ন মহলে একঝাঁক প্রশ্নের উঁকি দিতে শুরু করেছে।

এদিকে, ধলাই জেলার সালেমা এলাকায় পথ দুর্ঘটনায় গুরুতর ভাবে আহত হয়েছেন সালেমা থানাধ কর্তত এক মহিলা পুলিশ কনস্টেবল। আহত মহিলা পুলিশ কনস্টেবলের নাম সুপ্রিয়া দেববর্মী। তার বাড়ি লাহু ছড়ু এলাকায়। এই থেকে স্কুটি নিয়ে তিনি কর্মস্থলে গুরুতর আহত মঙ্গল বাহিনীর জওয়ানরা স্কুটিকে ওভারটেক করতে গিয়ে স্কুটিটিকে ধাক্কা দেয়। তাতে স্কুটি নিয়ে ছিটকে পড়ে গুরুতর ভাবে আহত হয় মহিলা পুলিশ কনস্টেবল সুপ্রিয়া দেববর্মী। দুর্ঘটনার সঙ্গে সঙ্গেই স্থানীয় লোকস্বত্রণ ছুটে আসেন। খবর পাঠানো হয় দমকল বাহিনীকে দমকল বাহিনীর জওয়ানরা ছুটে এসে আহত মহিলা পুলিশ কনস্টেবলকে উদ্ধার করে প্রথমে বিমল সিন্ধা মেমোরিয়াল হাসপাতালে নিয়ে যায়। সেখান থেকে তাকে কুলাই জেলা হাসপাতালে স্থানান্তর করা হয়। তার আঘাত গুরুতর বলে জানা গেছে। পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। অটোচালকের অসাবধানতার কারণেই এই দুর্ঘটনাটি ঘটেছে বলে সালেমা থানার পুলিশ জানিয়েছে। অভিযুক্ত অটোচালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে বলেও জানানো হয়। এদিকে গোমতী জেলার খিলপাড়ায়পদুটনায় দুই যুবক গুরুতর ভাবে আহত হয়েছে স্থানীয় সূত্রে জানা গেছে।গকলা রাত এগারোটা নাগাদ একটি মার্কিট গাড়িদুই পথচারীকে ধাক্কা দিয়ে পালিয়ে যায় স্থানীয় লোকজন দুর্ঘটনার পর দমকল বাহিনীকে খবর দেন। খবর পেয়ে দমকল বাহিনীর জওয়ানরা ছুটে এসে আহত দুই যুবককে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।বর্তমানে একজন গোমতী জেলা হাসপাতালে চিকিৎসান্নন। আহত অপর যুবককে গোমতী জেলা হাসপাতাল থেকে আশাঞ্চাজনক অবস্থায় হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।দুর্ঘটনার পরপরই মার্কিট গাড়িটি পালিয়ে গেছে বলে জানা গেছে।পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এখনো পর্যন্ত ভারতে গাড়িটি আটক করা যায়নি।এদিকে কল্যাণপুরে পথ দুর্ঘটনায় ছত্রজন গুরুতরভাবে আহত হয়েছেন দমকল বাহিনীর জওয়ানরা। আহতরের উদ্ধার করে কল্যাণপুর হাসপাতালে নিয়ে যায়।আহতদের মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কল্যাণপুর হাসপাতাল থেকে তাদেরকে জিবি হাসপাত



খেলোয়াড়দের ফিটনেসে খুশি জিদান

প্রায় দুই মাস পর শিষ্যদের সঙ্গে কাজ করতে পেরে খুশি রিয়াল মাদ্রিদের কোচ জিনেদিন জিদান। সন্তুষ্ট খেলোয়াড়দের ফিটনেস দেখে। ভালোভাবে প্রস্তুতি নিয়ে সাক্ষরতার সঙ্গে মৌসুম শেষ করার ব্যাপারে আশাবাদী এই ফরাসি কোচিড-১৯ মহামারীর মাঝেই লিগ ফেরানোর লক্ষ্যে অনুশীলন শুরু করেছে লা লিগার দলগুলো। গত মার্চ মৌসুম স্থগিতের পর বুধবার প্রথমবারের মতো রিয়াল মাদ্রিদ টিভিকে দেওয়া সাক্ষাৎকারে দলের সার্বিক অবস্থা তুলে ধরেন জিদান। “সপ্তাহটি খুব ভালো কেটেছে। আমরা ছোট ছোট গ্রুপে ভাগ হয়ে আরও বেশি অনুশীলন করতে পারব। ট্যাকটিক্যালি, ফিজিক্যালি ও টেকনিক্যালি আমরা আরও উন্নতি করতে পারি...এই সপ্তাহে দলকে আরও ভালো দেখাচ্ছে এবং পরের সপ্তাহে আরও ভালো হবে।” জিদের মাঝামাঝি সময়ে ২০১৯-২০ মৌসুম পুনরায় শুরু লক্ষ্যে খেলোয়াড়দের কোভিড-১৯ পরীক্ষা শেষে গত ৮ মে থেকে ব্যক্তিগত পর্যায়ে অনুশীলন শুরু করে ক্লাবগুলো। আর গত রোববার থেকে ছোট ছোট গ্রুপে ভাগ হয়ে অনুশীলনের অনুমতি

পায় খেলোয়াড়রা। এর আগে প্রায় দুই মাস ঘরবন্দী জীবনে নিজেদের ফিটনেস নিয়ে কাজ করেন ফুটবলাররা। শিয়ারা কাজটা ভালো মতো করতে পেরেছে বলে জানান জিদান স্পেনের শীর্ষ লিগে ২৭ রাউন্ড শেষে ৫৮ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে বর্তমান চ্যাম্পিয়ন বাসেলোনা। তাদের চেয়ে ২ পয়েন্ট কম নিয়ে দুইয়ে আছে সবশেষ ২০১৬-১৭ মৌসুমে লিগ জেতা রিয়াল। শিরোপার লক্ষ্যে প্রস্তুতিতে ঘাটতি রাখতে চান না জিদান। “আমাদের ১১ ম্যাচ বাকি আছে। ভালোভাবে মৌসুম শেষ করার লক্ষ্যে আমরা নিজেদের খুব ভালোভাবে প্রস্তুত করব। গুরুত্বপূর্ণ বিষয় হলো, শিরোপা জেতার জন্য সবকিছু উজাড় করে দেওয়া। আমরা এই দলে আছি জেতার জন্য। জয় মিশে রয়েছে ক্লাবটির ডিএনএতে।” কোচা দলে রে থেকে আগেই ছিটকে গেছে রিয়াল। তবে টিকে আছে চ্যাম্পিয়ন লিগের স্বপ্ন। শেষ খেলার প্রথম লেগে ম্যানচেস্টার সিটির বিপক্ষে নিজেদের মাঠে ২-১ গোলে হেরেছিল রেকর্ড ১৩ বারের চ্যাম্পিয়নরা।

রামোসের “৯২.৪৮” তাঁর যে সতীর্থের দুঃস্বপ্ন



এখন তাঁরা সতীর্থ, রিয়াল মাদ্রিদের যেকোনো ম্যাচে তাঁরা খুব কাছাকাছি থাকেন। সার্জিও রামোস সামলান রিয়াল মাদ্রিদের ডিফেন্স, অধিনায়কত্বের বাহুবন্ধনীও তাঁর হাতে। আর থিভো কোর্তোয়া আগলান রিয়ালের গোলবার। কিন্তু সালটা যখন ২০১৪, দুজন ছিলেন দুই চিরপ্রতিদ্বন্দ্বী দলে। রামোস তো রিয়ালেই ছিলেন, কোর্তোয়া আটলেটিকো মাদ্রিদে। ২০১৪ সালে রামোসের ৯২.৪৮ মিনিটের ওই গোলটি যেন এখনো দুঃস্বপ্নের মতো তাড়া করে কোর্তোয়াকে!

ফুটবলের একনিষ্ঠ অনুসারীরা নিশ্চয়ই এতক্ষণ বুঝে গেছেন কোন গোলটির কথা বলা হচ্ছে। ২০১৪ সালের ২৪ মে চ্যাম্পিয়নস লিগের ফাইনালে রামোসের গোলটি। সেদিন অতিরিক্ত সময় শেষে ম্যাচটি রিয়াল ৪-১ গোলে জিতেছিল। ঠিক সেই সময়ে চর্চা ক্রুসের কর্নারে দরপন হেডে কোর্তোয়াকে ফাঁকি দিয়ে বল জালে জড়ান রামোস। উচ্ছ্বাসে ভাসে রিয়াল। নির্ধারিত সময় শেষে ১-১ সমতা, খেলা গভীর অতিরিক্ত সময়। সেই গোলটির কথা কোর্তোয়া ভোলেন কী করে! সম্প্রতি এল মুন্দাকে বলেছেন রিয়ালে খেলার স্বপ্ন কোথায়-কীভাবে দেখতে শুরু করেছেন আর ২০১৪ সালের চ্যাম্পিয়নস লিগের গোল খাওয়াটা কত বড় দুঃস্বপ্নের মতো ছিল!

২০১১ সালে চেলসিতে নাম লিখিয়েছিলেন কোর্তোয়া। সে বছরই তাঁকে ধারে আটলেটিকোতে পাঠিয়ে দেয় ইংলিশ প্রিমিয়ার লিগের ক্লাবটি। ২০১৪ সালের পর আবার চেলসিতে। তখন থেকেই রিয়ালে খেলার

স্বপ্ন দেখতে শুরু করেন, “চেলসির ড্রে সিংসিংমে বসে আমরা (কোর্তোয়া ও এডেন হাজার্ড) এখানে খেলার স্বপ্নের কথা বলতাম। দ্য হোয়াইট হাউস, দ্য হোয়াইট হাউস...!” রিয়ালের জার্সির রঙ সাদা কিনা! “হোয়াইট হাউসে” নাম লিখিয়েছেন, রামোস এখন তাঁর সতীর্থ। কিন্তু সেই গোলটির দুঃস্বপ্নের কথা ভোলেননি কোর্তোয়া, “বলটি আমার হাতের খুব কাছে ছিল। ম্যাচটি এখনো আমরা রিয়াল মাদ্রিদ টিভিতে মাঝেমাঝেই দেখি। আমার জন্য এটা তো দুঃস্বপ্নের!” কোর্তোয়া যেমন এটা কখনো ভুলতে পারবেন না, ভুলতে পারবেন না রিয়ালে কেউই-ই। ওই গোলই যে রিয়ালকে এনে দিয়েছিল চ্যাম্পিয়নস লিগের দশম শিরোপা - বা দেসিমা। এর পর অবশ্য ২০১৬ থেকে ২০১৮ - তিনা তিন চ্যাম্পিয়নস লিগ জিতে ইতিহাস গড়েছে রিয়াল। কিন্তু সবকিছু শুরু হয়তো ওই গোল থেকেই। কে জানে, ১২ বছরের অপেক্ষা যোচানো লা দেসিমা না এলে হয়তো রিয়ালের আত্মবিশ্বাসের পারদই এত উচুতে উঠত না। আর সেই গোল আর শিরোপার ষষ্ঠবার্ষিকী। রামোসের গোলটির স্মৃতিচারণ করতে গিয়ে লুকা মদারিচ বলেছেন, “আমি খুব নিশ্চিত ছিলাম। নিশ্চিত ছিলাম, আমরা গোল পারব। সার্জিও খুব নিশ্চিতভাবে বলটি প্লেস করেছে।”

দ্রুত ফেয়ার চিন্তা বাদ দিয়েছেন নাদাল

করোনার প্রভাবে একে একে বন্ধ হয়ে গেছে সব রকমের খেলা। আগামী ১০ জুলাই পর্যন্ত স্থগিত হয়ে গেছে এটিপি ট্যুরের টুর্নামেন্ট। ফ্লেক্স ওপেন পিছিয়েছে। বাতিল হয়ে গেছে উইম্বলডন। কবে নাগাদ কোর্টে খেলা ফিরবে তা নিয়ে খেলোয়াড়রা আছে সংশয়ে। টেনিস তারকা রাফায়েল নাদাল তো আগামী কয়েক মাসে কোনো আশার আলোই দেখতে পাচ্ছেন না।

রয়েল স্প্যানিশ টেনিস ফেডারেশনের সঙ্গে ভার্সিয়াল চ্যাটে সেই সংশয় ফুটে উঠেছে বিশেষ দুই নম্বর টেনিস তারকার স্টে, “টেনিসের স্বাভাবিক কার্যক্রম শুরু হওয়া নিয়ে আমি পুরোপুরি সন্দিহান।” চাইলেও যে খেলোয়াড় দ্রুত কোর্টে গড়ানো সম্ভব হবে, এমনটাও মনে করেন না ১৯ বারের গ্র্যান্ডস্ল্যাম জয়ী নাদাল, “টেনিস খেলতে গেলে প্রতি সপ্তাহে বিভিন্ন জায়গায় প্রচুর ঘুরতে হবে, হোটেল থেকে ঘুরতে হবে। নানা দেশে যেতে হবে। এমনকি যদি আমরা দর্শকশূন্য গ্যালারিতেও খেলি, টুর্নামেন্ট আয়োজন করবও অনেক লোকের দরকার। এটা চাইলেও এড়ানো সম্ভব না। আন্তর্জাতিক টেনিসে যেটা একটা গুরুত্বপূর্ণ সমস্যা।”

করোনাভাইরাসে প্রতিদিন মৃত্যুর সংখ্যা বাড়ছে। এমন পরিস্থিতিতে খেলার চেয়ে জীবনের দাবীটাকেই



বেশি মূল্য দিচ্ছেন নাদাল, “গত দেড় মাস কঠিন সময় গেছে আমাদের। এই কদিনে আমাদের অনেক ক্ষতি হয়েছে। সমাজে অনেক দুর্গন্ধ বেড়েছে। আমি আশা করি এই অর্থনৈতিক ক্ষতি পূরণে নিতে আরও কয়েক মাস লাগবে। অনেক লোক চাকরি হারিয়েছে। এত লোকের মৃত্যু দেখতে খুব খারাপ লাগে।”

করোনার টিকা নিতে চান না জোকোভিচ

এ যেন ‘গাছে কাঁঠাল, গায়ে তেল’ অবস্থা। করোনাভাইরাস সংক্রমণ রোধে টিকা আবিষ্কারের চেষ্টা শুরু হয়েছে, বিভিন্ন দেশে অন্তত ৭০টি টিকা আবিষ্কারের চেষ্টা চলছে কিন্তু আগামী বছরের আগে টিকা আবিষ্কারের আশাবাদ দিচ্ছেন না কেউই। বরং আপাতত ওষুধ বানানোতে মনোযোগ দেওয়ার পরামর্শ দিচ্ছেন অনেকে। আর এখনই কি না টিকা দেওয়া হলে কী হবে, না হবে সেটা নিয়ে ভাবতে শুরু করে দিয়েছেন নোভাক জোকোভিচ।

বিশ্ব টেনিসের বর্তমানের শীর্ষ তারকা যদিও টিকা নেওয়ার বিরোধী। ফলে ভবিষ্যতে টেনিসের বড় টুর্নামেন্টে অংশ নেওয়ার ক্ষেত্রে বিপাকে পড়ে যেতে পারেন জোকোভিচ। রোববার ফেসবুকে লাইভ এক চ্যাটে অংশ নেন ১৭ গ্র্যান্ড স্ল্যামের মালিক। তখন টিকা নিয়ে টেনিস কোর্টে নামার প্রসঙ্গ উঠে এসেছিল। এ ব্যাপারে নিজের আপত্তির কথা কোনো রাখাচ ছাড়াই জানিয়েছেন জোকোভিচ, “আমি টিকা নেওয়ার বিপক্ষে এবং আমি চাইব না কোথাও যেতে চাইলে কাউকে জোর করে টিকা দেওয়া হোক।”

বিশ্ব এখনো অনেক ব্যক্তি টিকা নিতে চান না। সেটা তাঁদের ব্যক্তিগত সিদ্ধান্ত বলে মনে নেওয়া হয়। কিন্তু বড় টুর্নামেন্টে সবার স্বাস্থ্যকেই প্রাধান্য দেওয়া হবে। আর সে ক্ষেত্রে খেলার আগে টিকা নেওয়া বাধ্যতামূলক করা হতেই পারে। আর সে ক্ষেত্রে নিজের টেনিস ভবিষ্যৎ নিয়ে নতুন করে ভাববেন ‘জোকোব’। অন্তত ফেসবুকে সে ইঙ্গিতই দিয়েছেন, ‘যদি এটা বাধ্যতামূলক করা হয়, কী হবে? আমাকে একটা সিদ্ধান্ত নিতে হবে। এ ব্যাপারে আমার নিজস্ব ভাবনা আছে। সে ভাবনা কোনো একপর্যায়ে বদলাবে কিনা সেটা অবশ্য জানি না।

ব্রেকিং ব্যাড ও কিছু উপলব্ধি

করোনার দিনে এত আক্রান্ত আর মৃত্যুর খবরে মন খারাপ হওয়াটাই স্বাভাবিক। এর চেয়ে কিছু অনুপ্রেরণার গল্প শুনলে কেমন হয়? আঘাত, চোট, বদভ্যাস থেকে ফিরে আসার গল্প তো অনেকই আছে খেলার জগতে। তার চতুর্থ পর্বে আজ ছেলেনদের টেনিসের কিংবদন্তি আন্দ্রে আগাসি ও সাবেক ভারতীয় অলরাউন্ডার যুবরাজ সিংয়ের গল্প—

তাঁর শেষ দেখেছিল সবাই সংকটের অবস্থা থেকে ফিরে আসার জিন তাঁর পরিবারেই ছিল। মা এলিজাবেথ বেটি আগাসিই যে ব্রেস্ট ক্যানসারকে হার মানিয়ে ফিরিয়েছেন! ছেলে তেমন কোনো জটিল রোগে পড়েননি, কিন্তু শেখার অন্ধকার আর মানসিক অবসাদ কাটিয়ে ওঠাও তো আন্দ্রে আগাসির কোনো গ্র্যান্ড স্ল্যাম জয়ের চেয়ে কম গুরুত্বপূর্ণ নয়!

টেনিসে তিনি কেমন ছিলেন, তা তো যুক্তরাষ্ট্রের টেনিস কিংবদন্তির রেকর্ডই বলে। রড লেভারের পর ওপেন যুগে ছেলেনদের এককে চার গ্র্যান্ড স্ল্যামের সবগুলো (কারিয়ার গ্র্যান্ড স্ল্যাম) জেতা দ্বিতীয় খেলোয়াড় তিনি, যে কীর্তি এরপর ছুঁয়েছেন আরও তিনজন। নামগুলো চেনাই — রজার ফেদেরার, রাফায়েল নালাল ও নোভাক জোকোভিচ। ছেলেনদের এককে কারিয়ার গোল্ডেন স্ল্যাম (কারিয়ার গ্র্যান্ড স্ল্যাম ও অলিম্পিকে সোনার পদক) জেতা দুজনের প্রথম খেলোয়াড় তিনি। অন্যজন? রাফায়েল নালাল! আর কারিয়ারের গোল্ডেন স্ল্যামের পাশাপাশি এটিপি ওয়ার্ল্ড ট্যুর চ্যাম্পিয়নশিপ যোগ করে নিলে, যেটাকে কারিয়ার সুপার স্ল্যাম বলা হয়? সেখানে আন্দ্রে আগাসি অধিতীয়। এ তো টেনিসে তিনি শেষ পর্যন্ত কী করেছেন, তার বর্ণনা। আর টেনিসে তিনি কেমন হতে যাচ্ছেন, সে ইঙ্গিত সম্ভবত দিয়েছিল আন্দ্রে আগাসির ১৩ বছর বয়সের একটা ঘটনা।

করে দিয়েছিলেন সেটা। পেশাদার টেনিসের সংগঠনের (এটিপি) ড্রাগ টেস্টে ধরা পড়লেও আগাসি চিঠি লেখে জানান, তাঁর ওই বন্ধু পানীয়ের মধ্যে সেটা মিশিয়ে দিয়েছিলেন। এটিপি তখন সতর্ক করে ছেড়ে দেয় তাঁকে। কিন্তু পরে আত্মজীবনীতে আগাসি জানান, চিঠিতে মিথ্যা লিখেছিলেন। তিনি আসলেই আসক্ত হয়ে পড়েছিলেন ক্রিস্টালে।

যার প্রভাব স্বাভাবিকভাবেই পড়েছে তাঁর পারফরম্যান্সে। জয়ের চেয়ে হারের সংখ্যা

ক্যানসার। তবে সাধারণত ফুসফুসের ক্যানসার যেমন হয়, এটি তেমন নয়। যুবরাজের হয়েছিল সেমিনোমা, প্রাথমিক পর্যায়ে ধরা পড়ায় মোট থেকে বেঁচে ফেরার হার ৯৫ শতাংশ বলে জানা যায়। যুবরাজ অবশ্য পরে জানান, ২০১১ সালের জানুয়ারিতে দক্ষিণ আফ্রিকা সফরের সময়ই তাঁর বমির সঙ্গে রক্ত গিয়েছিল। ওই অবস্থা নিয়েই বিশ্বকাপ খেলেছেন। সেটা হয়েছেন ক্রিকেটবিশ্বকে ধমকে দেওয়া ওই খবরের সঙ্গে অবশ্য ক্রতই মানিয়ে নিয়েছেন যুবরাজ। ২০১২ সালের শুরুর

ভারতের জার্সিতে ম্যাচ জেতা-জেতানো, এসব তো আছেই। যুবরাজের কাছের চেয়েও বেশি গুরুত্ব পাছ অবশ্য অন্য দিকটি। জীবনের জয়গান! ২০১৩ সালে হিন্দুস্তান টাইমসে এক সাক্ষাৎকারে তাঁর কথাগুলো যে কারও জন্যই হয়তো প্রেরণার, “আমি এখন আগের চেয়ে বেশি নির্ভর। দেখুন, বয়স যখন কম থাকে, দেশের হয়ে খেলার ইচ্ছা থাকে, ভালো করতে থাকেন, তখন হয়তো কোনো বাধাকেই বাধা মনে হয় না। সে চোট হোক, বা ফর্মহীনতা। এটাতে হয়তো রাগ হতে পারে, বিরক্তি আসতে পারে, হতাশ হতে পারেন। কিন্তু যখন মৃত্যুর মুখোমুখি হবেন, তখন হয়তো জীবনের আসল মূল্যটা বুঝতে পারবেন।”

সেই মূল্যটা কী, সেটাও একটা বড় শিক্ষা যুবরাজের কাছের, “নিঃশ্বাস নেওয়া, খাবার উপভোগ করা, জীবনের ছোট ছোট আনন্দ, ছোট ছোট সহজ যে ব্যাপারগুলোকে আমরা পাজা দিই না, সেগুলোই তখন অমূল্য হয়ে যায়। নিঃশ্বাস নেওয়ার চেষ্টায় আমার যখন দম বন্ধ হয়ে আসছিল, শারীরিক কষ্ট পাচ্ছিলাম, কেমোর সময়ে যখন কিছু খেয়েই হজম করতে পারছিলাম না, শারীরিক ও মানসিকভাবে যখন বিধ্বস্ত ছিলাম, তখন উপলব্ধি হলো, স্বাভাবিক জীবন আসলে একটা আশীর্বাদ। আর নিজেদের নিয়ন্ত্রণে নেই এমন ব্যাপারে মাথা নষ্ট করে এই ব্যাপারটাকে (স্বাভাবিক জীবন)



বেশি হয়ে গিয়েছিল। যে আগাসি রাফায়েলের শীর্ষে উঠেছিলেন ১৯৯৫ সালে, ১৯৯৭-তে একটা সময়ে তাঁর ব্যাকিং নেমে গিয়েছিল ১৪১-এ। সবাই তখন রায় দিয়ে দিয়েছিল, আগাসি শেষ! কিন্তু ওই যে, শেষের কাছ থেকে ফিরে আসা তাঁর জিনেই যে আছে! ১৯৯৮ সালে কঠোর কষ্টশনিক প্রোগ্রাম করে মানসিক ও শারীরিকভাবে বরবারে হয়ে ফেরেন। পাঁচটি শিরোপা জিতে সে বছরই ব্যাকিংয়ে ১১০ থেকে উঠে আসেন ৬ নম্বরে। ১৯৯৯ ফ্রেঞ্চ ওপেন জয় দিয়ে পুরণ হয় তাঁর কারিয়ার স্ল্যাম। বরবারে হয়ে ফেরার পরের আগাসি কতটা ভয়ঙ্কর ছিলেন, সেটির প্রমাণ সম্ভবত এই যে, ফেরার পর পাঁচটা গ্র্যান্ড স্ল্যাম জিতেছিলেন। ফেরার আগে কয়টা ছিল? ৩!

আনন্দ মিলিয়ে গেল দুঃস্বপ্নে “এই পথটা আমি চিনি। এই ব্যাধাটা আমার জানা। জানি তিনি শেষ পর্যন্ত লড়ে গেছেন। কিন্তু ভাগ্য কারও কারও পাশে থাকে, তাঁরা বেঁচে যান। আর কারও পাশে ভাগ্য থাকে না।” বিরল ক্যানসারের সঙ্গে যুদ্ধে হার মেনে অভিনেতা ইরফান খান মারা যাওয়ার পর টুইটটা করেছিলেন যুবরাজ সিং। কে জানে, হয়তো নিজের কেমনোথেরাপির দিনগুলো মনে পড়ছিল তাঁর। ইরফান খান কী কষ্টের মধ্য দিয়ে গেছেন, তা হয়তো কিছুটা হলোও আঁচ করতে পারছিলেন যুবরাজ। কিন্তু ভাগ্য তাঁর পাশে ছিল।

দিকে যুক্তরাষ্ট্রে শুরু হয় তাঁর কেমোথেরাপি। তিন ধাপের কেমোথেরাপি শেষে দেশে ফেরেন। ক্রিকেটে ফিরতে অবশ্য বেশি সময় নেননি। ক্যানসারকে পাশ কাটিয়ে কেমোথেরাপির ধকল সারিয়ে ভারতের জার্সিতে আবার তাঁকে মাঠে দেখা গেছে ২০১২ সালের আগস্টেই। ফেরার পর অবশ্য ব্যাট হাতে ধুকেছেন। মাঝেমাঝে আলো ছড়ালেও আগের সেই ছন্দে আর ফিরতে পারেননি। দলে আসা-যাওয়ার মধ্যেই ছিলেন। ২০১৭ সালের জুনেই শেখবার ভারতের জার্সিতে খেলেছেন। তবে ক্যানসার জয় করে আন্তর্জাতিক মঞ্চে ফেরা,

Gomati Cooperative Milk Producers' Union Ltd.
Agartala Dairy; P.O. Indranagar; Agartala 799006,
Tripura Phone (0381) 235-0419/3524; Fax (0381) 2358430 e-mail : tripuramilkunion@yahoo.com ; web : http://gomatimilkunion.in GUM/PEE KIT/2020-2021/ Dated 05.01.2021

URGENT SHORT QUOTATION NOTICE

Short Quotation is invited from bonafide resourcefull local suppliers/ whole sale dealer for supply of disposable Head cap, Face mask, Half Apron White (thin), Hand Gloves, for Gomati Cooperative Milk Producers'Union Ltd, Tripura West. Interested local Supplier/Traders are requested to submit their rate inclusive all taxes within 14.01.2021 till 01.00p.m by post/hy by hand and by courier in sealed envelope superscribing "Quotation for PPE Kit" addressing Managing Director with above address. This offer will be opened on or after 14.01.2021 at 03.00p.m. Details Terms and condition may be collected from the office of GCMPUL within 09/01/2021.

ICA/C-2695/2020-21 Managing Director

PNIT NO: 22/ePNIT/EE/RD/DIV/AMP/G/2020-21, Dated- 02/01/2021.

The Executive Engineer, RD Amarpur Division invites two bids system e-tender against DNIT No. e-DT- 16 /SCHOOL (CHLM) /CE/RD /AMP-D1V/DNIT/2020-21, Dated: 31/12/2020 for 'Construction of 100 seated Girls Hostel attached to Chaklakhah HS School under RD Amarpur Division during 2019-20 (4th Call)' With Estimated cost : Rs. 1.73,43,891.00, Earnest Money Rs. 1.73,43,900, Tender fee Rs. 2500.00 Time of Comi5letion - 18 (Eighteen) months, Last Date of bidding- 15/ 01/2021 upto 15.00Hrs. For more details can be obtained from the office of the tendering authority or may be downloaded from https://tripuratenders.gov.in. (Er. D. C. Jamatia) Executive Engineer RD Amarpur Division

ICA/C-2688/2020-21

1st CLIMANT NOTICE

WHEREAS it has been brought to the notice of the undersigned by Sri. Sukanta Das, Fr. 1/c FPU Jampojhala, vide his OR No.02/FPU-Jampujhala/2020-21/225-27, dt.20.08.2020 which was forwarded by the SDO Bisahalgur vide No.F.7-76/SDO-FLO-BL/G/Confiscation/For-2019-20/2537-39, dt.03/09/2020, has seized a vehicle bearing Registration No.TR01-W-1775 from Nodilakh area on 19/08/2020 at about 05:30 PM for illegally teak sawn timber over 1.268 cum.Upon enquiries by Sri. Sukanta Das, Fr. 1/c FPU Jampujhala, it was found that the said vehicle illegally loaded teak sawn timber over 1.268 cum without permission of Forest Department. Then the said vehicle had been detained in the safe custody as the said vehicle was involved in illegal carrying of Forest Produce.

2. AND WHEREAS, the vehicle bearing Registration No.TR01-W-1775 illegally loaded teak sawn timber over 1.268 cum without permission of Forest Department and the said sawn timber and alongwith vehicle were seized by Sri. Sukanta Das, Fr. 1/c FPU Jampujhala, under section 41, 42 of Indian Forest (Tripura Second Amendment)Act, 1986 and brought to the safe custody at Charilam Range Office Complex.

3. AND WHERE, in exercise of the powers conferred upon me vide Notification No.F.13(103)/For/Estt-2014/50223-297 dt.12/02/2015 of the Forest Department, Government of Tripura as Authorized Officer for the purpose of above mentioned Indian Forest Act 1927, it is contemplated to confiscate the seized vehicle bearing Registration No.TR01-W-1775 for the commission of Forest offence under section 41,42 and 52(A) of Indian Forest Act,1927 and under Tripura rules notified vide Notification No.F.7/44.FP/90/Vol-11/22795 dt.07/05/1990 of Government of Tripura.

4. NOW THEREFORE, it is hereby brought to the notice of the authorized owner of the said vehicle bearing Registration No.TR01-W-1775 to prefer his/her/their claim over the vehicle to the Authorized Officer (District Forest Officer) Sepahijala District within 30(thirty) days from the date of issue of this notice either by his/her/their legally authorized person along with all relevant documents in original regarding lawful ownership of the mid vehicle.

5. If the owner of the vehicle or their authorized representative fails to prefer any claim for the seized vehicle before the undersigned within the stipulated period, the decision regarding the confiscation of the said vehicle shall be taken ex-parte.

Issued under my seal and signature of this day the 18/12/2020 [A.Das,HFS] ICA/D-1200/20-21 Authorized Officer District Forest Officer Sepahijala District

ভারতচন্দ্রনগর ব্লকে তিনটি বন্ধ কালভার্ট

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। ভারতচন্দ্রনগর ব্লকে এমজিএন রেগায় তিনটি বন্ধ কালভার্ট নির্মাণ করা হচ্ছে। এই তিনটি বন্ধ কালভার্ট নির্মাণে ২৯ লক্ষ ৪৮ হাজার ৮৯ টাকা ব্যয় হবে। ব্লকের পূর্ব কলাবাড়িয়া, উত্তর ভারতচন্দ্রনগর এবং সুকান্তনগর পাঁচয়েতে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বন্ধ কালভার্ট গুলি নির্মাণ করা হচ্ছে। ভারতচন্দ্রনগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

প্রধানমন্ত্রী আবাস যোজনা ভারতচন্দ্রনগর ব্লকে গৃহ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। ভারতচন্দ্রনগর ব্লকের চিত্রামারা পাঁচয়েতে গভ অর্থবছরে ৫৪টি পরিবারকে প্রধানমন্ত্রী আবাস যোজনায় গৃহ নির্মাণ করে দেওয়ার কাজ হাতে নেওয়া হয়েছিল। এরমধ্যে ৪৩টি গৃহ নির্মাণের কাজ শেষ হয়েছে। ব্লকের দক্ষিণ ভারতচন্দ্রনগর পাঁচয়েতে ৩টি ও ঈশানচন্দ্রনগর পাঁচয়েতে ৬টি গৃহ নির্মাণের কাজও শেষ হয়েছে। তাছাড়া কাশারী আর এফ ভিলেজে ৫২ টির মধ্যে ৪১টি গৃহ নির্মাণের কাজ শেষ হয়েছে। ভারতচন্দ্রনগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানিয়ে বলা হয়েছে প্রতিটি গৃহ নির্মাণে ব্যয় হচ্ছে ১ লক্ষ ৩০ হাজার টাকা।

অটল জলধারা মিশনে গৌরনগর ব্লকে পানীয়জলের সংযোগ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। গৌরনগর ব্লকে অটল জলধারা মিশনে ১, ৩০৪টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। ব্লকের ১২টি পাঁচয়েতে পানীয়জলের সংযোগগুলি দেওয়া হয়েছে। তাছাড়া ব্লকের ২৩টি পাঁচয়েতে ও ভিলেজের ২২টি ডিপিটিউবওয়েল ও ১৪টি মলবার চালু রয়েছে। ব্লকে আরও ২৪টি ডিপিটিউবওয়েল খনন, ৬ টি ডিপিটিউবওয়েল পুনঃখনন এবং ১৩টি মলবার খনন করা হবে। মহকুমা পানীয়জল ও স্বাস্থ্যবিধি কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

বিশালগড় মহকুমায় ১১৬টি পুষ্টি ও স্বাস্থ্য সচেতনতা শিবির

স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে গভ ডিসেম্বর মাসে বিশালগড় মহকুমার চড়িলায় ও বিশালগড় ব্লক এলাকায় ২৮টি গ্রাম পাঁচয়েতে ও ভিলেজে ১১৬টি পুষ্টি ও স্বাস্থ্য সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। শিবিরগুলিতে স্বাস্থ্য পরিবেশা প্রধান সহ স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস উপলক্ষে আয়োজিত এই ১১৬টি শিবিরে ৪,৫১২ জন চিকিৎসা পরিশেবা পেয়েছেন। বিশালগড় মহকুমার স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

জম্পইহিল ব্লকে এম জি এন রেগায় ইট সলিং রাস্তা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। গ্রামোন্নয়ন দপ্তরের উদ্যোগে চলতি বছরে কামপুর মহকুমার জম্পইহিল ব্লকের বিভিন্ন এডিসি ভিলেজে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বিভিন্ন কাজ বাস্তবায়িত হয়েছে। এমজিএন রেগায় এবছর জম্পইহিল ব্লকের পশ্চিম মনপুই ভিলেজে পি ডব্লিউ ডি রোড থেকে বিয়াকথাসংগা গার্ডেন পর্যন্ত ৬৪৫ ছমের পাতায় দেখুন

লাভ জিহাদ বিরোধী আইনের ওপর নিষেধাজ্ঞা জারি করতে নারাজ সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ৬ জানুয়ারি (হি. স.) : লাভ জিহাদ এবং অবৈধ ধর্মাস্ত্রকরণের বিরুদ্ধে আইন প্রণয়ন করেছে উত্তরপ্রদেশ এবং উত্তরাখণ্ড সরকার। এই আইনগুলিকে সুপ্রিম কোর্টের এক্সিয়ারে মধ্যে সমীক্ষার জন্য প্রস্তাব করা হয়েছে। ইতিমধ্যেই দেশের শীর্ষ আদালত এই দুই রাজ্যকে নোটিশ জারি করে চার সপ্তাহের মধ্যে জবাব দেওয়ার জন্য নির্দেশ দিয়েছে। যদিও এই আইনের ওপর কোনো রকমের নিষেধাজ্ঞা জারি করা হয়নি আদালতের নেই বলে জানা গিয়েছে। বুধবার পিটিশনকারীর কাছে আদালত জানতে চায় কেন এই আইনের ওপর নিষেধাজ্ঞা জারি করার আর্জি জানানো হয়েছে। এমনকি এই পিটিশন সুপ্রিম কোর্টে দায়ের করার আগে কেন হাইকোর্টে দায়ের করা হলো না তাও পিটিশনকারীর কাছে জানতে চাই আদালত। এদিন আদালতে দাঁড়িয়ে সলিসিটর জেনারেল তুষার মেহতা বলেন, এই আইনগুলোর ওপর নিষেধাজ্ঞা জারি করার পিটিশন আগে এলাহাবাদ হাইকোর্ট এবং

উত্তরাখণ্ড হাইকোর্টে দায়ের করা হয়েছিল। বর্তমানে আদালতে এগুলো বিলম্বিত রয়েছে। অন্যদিকে আদালতে দাঁড়িয়ে পিটিশনকারীর তরফ থেকে যা বলা হয় যে এই আইনের প্রভাব গোটা সমাজে পড়বে। প্রত্যেকদিন খবর আসছে যে বিয়ের আসর থেকে জোরজবস্তি করে তুলে নেওয়া হচ্ছে পাত্র-পাত্রীকে। লাভ জিহাদ রূপতে উত্তরপ্রদেশ এবং উত্তরাখণ্ড সরকার যে আইন প্রণয়ন করেছে তা সংবিধানের মূল ভাবনার বিরোধী। দেশের সংবিধান প্রতিটা নাগরিকদের মৌলিক অধিকারের নিশ্চয়তা প্রদান করে। এই দুই আইন স্পেশাল মারেরে অ্যাট্র এর ধারাগুলিকে লঙ্ঘন করেছে। এতে করে সেইসব মানুষের মনে ভীতির সঞ্চার হবে যারা লাভ জিহাদের মুক্ত না থাকলেও কোন ভাবে ফেঁসে গিয়েছেন। উল্লেখ করা যেতে পারে সুপ্রিম কোর্টে এই পিটিশন দায়ের করেছেন বিশাল ঠাকুর, অভয় সিং যাদব, প্রাণবেশ।

সবরবস্তি পাড়ায় প্রাতিষ্ঠানিক প্রসব নিয়ে সচেতনতামূলক সভা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। খোয়াই জেলার হেমন্ত দেবর্মা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে সম্পতি পূর্ব সিঁজিছড়া স্বাস্থ্যকেন্দ্র এলাকার সবরবস্তি পাড়ায় এলাকার জনপ্রতিনিধি, আশা কর্মী, অন্নগোয়ড়ি কর্মী ও গর্ভবতী মহিলাদের নিয়ে বাড়িতে প্রসব বন্ধ করে প্রাতিষ্ঠানিক প্রসব নিশ্চিত করার উপর এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন এটেনশন এডুকটর, এমপিএস ও এমপিউল্লিউ এবং ৬৫ জন মা ও শিশু। সভায় বাড়িতে প্রসবের ঝুঁকি এবং হাসপাতালে প্রসবের উপকারিতা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এটেনশন এডুকটর রীতা সরকার। তাছাড়া প্রতিটি গর্ভবতী মায়ের ৪টি প্রাক প্রসব পরিচর্যা, প্রসব পরবর্তী পরিচর্যা, নবজাতকের এইচবিএনসি ডিজেট নিয়েও আলোচনা করেন এমপিএস সুরত আচার্য। সভায় স্বাস্থ্য সচেতনতা বিষয়ক পুতুল নাটক চলাে হাসপাতালে যাই প্রদর্শিত হয়। সভায় উপস্থিত সবাইকে মাশ্ব বিতরণ করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

গর্জি হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা ও টিকাকরণ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। গর্জি হাসপাতালের চিকিৎসা কর্মীদের ৫ জানুয়ারি স্বাস্থ্য পরীক্ষা করা হয় ও টিকা দেওয়া হয়। গর্জি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সব চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদেরও এদিন স্বাস্থ্য পরীক্ষা করা হয়। এই কর্মসূচিতে ২৫ জন স্বাস্থ্য আধিকারিক ও হাসপাতালের স্বাস্থ্যকর্মীদের হেপাটাইটিস টিকা ও টিটেনাস টিকা দেওয়া হয়। এই কর্মসূচিতে স্বাস্থ্যকর্মীদের ব্লাড স্যুগার, ব্লাড প্রেসার ও হিমোগ্লোবিন পরীক্ষা করা হয় এবং ক্লিনিক্যাল চেকআপও করা হয়। আগামী দিনে ফিস্ট স্ট্রাকচারেরও এই কর্মসূচির আওতায় আনা হবে। স্বাস্থ্য পরিষেবা নিতে গিয়ে স্বাস্থ্যকর্মীদের প্রতিদিন রোগীদের সংস্পর্শে আসতে হয়। কাজেই স্বাস্থ্যকর্মীদের প্রতিদিনই ঝুঁকির মধ্যে থাকতে হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

প্রধানমন্ত্রী আবাস যোজনা কাঞ্চনপুরে ৯৬০টি গৃহ নির্মাণ হচ্ছে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) উত্তর ত্রিপুরা জেলার কামপুর মহকুমার দশদা, জম্পইহিল এবং লালজরি ব্লকে গভ অর্থবছরে বরাদ্দ ৯৬০টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়ার কাজ শুরু হয়েছে। এখন পর্যন্ত মহকুমার ৩টি ব্লকে ৬৭৮টি পরিবারের গৃহ নির্মাণের কাজ শেষ হয়েছে। প্রতিটি গৃহ নির্মাণে ব্যয় হচ্ছে ১ লক্ষ ৩০ হাজার টাকা। মহকুমার দশদা ব্লকে এই যোজনায় ২৬৬টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হচ্ছে। এখন পর্যন্ত ১৬০টি গৃহ নির্মাণের কাজ শেষ হয়েছে। অবশিষ্ট গৃহের নির্মাণ কাজ চলছে। জম্পইহিল ব্লকে ১২৫টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হচ্ছে। এখন পর্যন্ত ৭৮টি ঘরের নির্মাণ কাজ শেষ হয়েছে। অবশিষ্ট গৃহের নির্মাণ কাজ চলছে। তাছাড়া লালজরি ব্লকে ৬৮১টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হচ্ছে। এরমধ্যে ৪৯০টি গৃহের নির্মাণ কাজ এখন পর্যন্ত শেষ হয়েছে। অবশিষ্ট গৃহের নির্মাণকাজ চলছে। জেলার গ্রামোন্নয়ন দপ্তরের সহকারি প্রকল্প অধিকর্তা দীপঙ্কর বিশ্বাস এই সংবাদ জানান।

কৈলাসহরে পথ নাটক উৎসব

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। ১-৭ জানুয়ারি পথনাটক উৎসব উদযাপন উপলক্ষে গতকাল কৈলাসহরের পানিচৌকি বাজারে পথনাটক অনুষ্ঠিত হয়। পথনাটক উৎসবে অংশ নেয় নির্ধািত নিম্নক নাট্যগোষ্ঠী। পানিচৌকি বাজারে এদিন নির্ধািত নিম্নক নাট্যগোষ্ঠী 'দৌড় অন্তনে' নাটকটি পরিবেশিত হয়। পথনাটক উৎসবের শুরুতে বক্তব্য রাখেন সিনিয়র ইনফরমেশন অফিসার দিব্যদেব শেখর দত্ত।

বিশালগড় মহকুমা হাসপাতালে চক্ষু চিকিৎসা শিবির আগরতলা, ৬ জানুয়ারি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। পশ্চিম জেলা অন্ধত্ব নিবারণী প্রকল্পের উদ্যোগে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সহায়তায় গত ৪ জানুয়ারি বিশালগড় মহকুমা হাসপাতালে এক চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ৩৫ জন রোগী চিকিৎসা পরিশেবা গ্রহণ করেন এবং তিন জনকে ক্যাটারাক্ট অপারেশনের জন্য মিলিং করা হয়। চক্ষু চিকিৎসা শিবিরে উপস্থিত ছিলেন আগরতলা মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালের ডাঃ পারুলদীপ চাকমা এবং বিশালগড় মহকুমা হাসপাতালের স্বাস্থ্য আধিকারিক ডাঃ জে এম দাস। চক্ষু চিকিৎসা স্বাস্থ্য শিবিরে প্রয়োজনীয় ওষুধও বিনামূল্যে বিতরণ করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

ঈশানপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রীদের বাইসাইকেল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি। মোহনপুর মহকুমার ঈশানপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ৪৫ জন ছাত্রীকে গতকাল এক অনুষ্ঠানে বাইসাইকেল দেওয়া হয়েছে। বিধায়ক বৃষকো দেবর্মা বিদ্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পাঁচয়ে সমিতির চেয়ারম্যান রীণা দেবর্মা, বিদ্যালয় পরিচালন কমিটির চেয়ারম্যান ভানু রত্নপাল ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং অন্যান্য শিক্ষক শিক্ষিকাগণ।



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি।। আজ সন্ধ্যায় রাজভবনে রাজ্যপাল রমেশ বৈসের সঙ্গে লেফট্যানেন্ট জেনারেল আর পি কলিতা, এ ডি এস এম, এস এম, ডি এস এম, জেনারেল অফিসার কমিউং হেডকোয়ার্টার্স থি কোর সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

উনকোটি জেলায় ধর্মনগরপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে স্বাস্থ্য শিবির

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি।। উনকোটি জেলার কানবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন পূর্ব মশাউলি উপস্বাস্থ্যকেন্দ্রের অধীনে ধর্মনগরপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গতকাল এক বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য শিবিরে ২৩ জন রোগী চিকিৎসা পরিশেবা গ্রহণ করেন। তাদের প্রয়োজনীয় ওষুধ বিনামূল্যে দেওয়া হয়। শিবিরে ছয় জনের এনসিডি মিলিং করা হয়। স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন কমিউনিটি হেলথ অফিসার ও এটেনশন এডুকটর। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে রাজনগরে ইনডোর স্পোর্টস কমপ্লেক্স

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি।। সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে রাজনগর ব্লকের বিভিন্ন স্থানে বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা হচ্ছে। এই প্রকল্পে দক্ষিণ রাজনগর এবং গৌরান্দাজেরে কমিউনিটি হল নির্মাণ করা হচ্ছে। প্রতিটি হল নির্মাণে ব্যয় হবে ৩০ লক্ষ টাকা করে। তাছাড়া রাজনগরে একটি ইন্ডোর স্পোর্টস কমপ্লেক্স তৈরীর কাজও চলছে। এই কাজে ব্যয় হবে ৫০ লক্ষ টাকা। রাজনগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

চাম্পাহাওয়ারে বিস্তর পরিমাণে অবৈধ কাঠ বাজেয়াপ্ত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি।। চাম্পাহাওয়ার থানার পুলিশ চাম্পা হাওয়ার থেকে প্রচুর পরিমাণ কাঠ উদ্ধার করেছে। সংবাদ সূত্রে জানা গেছে পুলিশকর্মীরা টহল দেওয়ার সময় কাঠ গুলো পড়ে থাকতে দেখে। তখন এ সেখান থেকে পুলিশ কাঠ গুলি উদ্ধার করে থানায় নিয়ে যায়। কাঠ উদ্ধার করা সত্ত্বেও এ ব্যাপারে কাঠকে আটক করতে পারেনি পুলিশ। কাঠ গুলি উদ্ধার করে থানায় নিয়ে যাওয়ার পর পুলিশ বনদপ্তরকে খবর দেয়। খবর পেয়ে বনদপ্তর এর কর্মকর্তারা থানায় ছুটে যান এবং সেখান থেকে কাঠ বনদপ্তরের হেফাজতে নিয়ে আসা হয়। এ ব্যাপারে চাম্পাহাওয়ার থানায় একটি মামলা গৃহীত হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে ওই এলাকায় ব্যাপক হারে গাছ কেটে প্রতিনিয়ত কাঠ পাচার করা হচ্ছে। বিশেষ করে বাই সাইকেলে করে এসব কাঠ বাজারে নিয়ে আসা হচ্ছে। সর্বকিছু জেনে শুনে বনদপ্তর এসব বিষয়ে কঠোর কোন মনোভাব গ্রহণ করেছে না বলে অভিযোগ মিলেছে। শেষ পর্যন্ত বাধ্য হয়েই পুলিশ কাঠ উদ্ধার অভিযানে সাক্ষরিত হয়। এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে পুলিশ জানিয়েছে।

৮ জানুয়ারি ব্ল্যাক ডে পালন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে টি এস এফ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি।। আগামী ৮ জানুয়ারি ব্ল্যাক ডে পালন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে টি এস এফ বৃধবার অবধি বাজারে এক পঞ্চমভার মধ্য দিয়ে ব্ল্যাক ডে পালনের কথা ঘোষণা করে দিয়েছে বিএসএফ নেতৃবৃন্দ। ব্ল্যাক ডে এর সমর্থনে বৃধবার বাজারে এক বাজার সভা সংগঠিত করা হয়। বাজার সভার আগে এক মিছিল বাজারের বিভিন্ন পথ পরিভ্রমণ করে। বাজার সভায় বক্তব্য রাখেন টিএসএফ রাজ্য সভাপতি বিপু দেবর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দ। বাজার সভায় বক্তব্য রাখতে গিয়ে টিএসএফ রাজ্য সভাপতি দেবর্মা বলেন ২০১৯ সালের ৮ জানুয়ারি মাধব বাড়িতে প্রতিবাদ বিক্ষোভ আন্দোলন কর্মসূচি চালানোর সময় নিরাপত্তা বাহিনী নির্বিচারে গুলি চালিয়েছিল। তাতে প্রাণহানির ঘটনা ঘটে সে কারণেই ৮ জানুয়ারি দিনটিকে ব্ল্যাক ডে হিসেবে পালন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে টিএসএফ। এ উপলক্ষে ৮ জানুয়ারী দশম চৌমুহনীতে প্রতিবাদ বিক্ষোভ পালন করা হবে। প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচিতে গণতন্ত্রপ্রিয় ছাত্র-যুবকদের সাক্ষরিত হওয়ার জন্য সংগঠনের নেতৃবৃন্দ আহ্বান জানিয়েছেন। উল্লেখ্য এ সি এর বিরুদ্ধে প্রতিবাদ বিক্ষোভ জানাতেই ২০১৯ সালের ৮ জানুয়ারি মাধব বাড়িতে আন্দোলনে শামিল হয়েছিল টি এসএফ।

গামারিয়া কমিউনিটি হলে আইনী সচেতনতা মূলক অনুষ্ঠান

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৬ জানুয়ারি।। আজ গামারিয়া কমিউনিটি হলে এক দিনের এক আইনী সচেতনতা মূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানের উদ্বোধনা রাজ্য মহিলা কমিশন। প্রদীপ প্রজ্জ্বলন করে এই অনুষ্ঠানের শুভ সূচনা করেন করেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্নালী গোস্বামী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাতাবাড়ি কেন্দ্রের বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, রাজ্য মহিলা কমিশনের সদস্য অতি জমতিয়া, গোমতী জেলা পরিষদের সদস্য সঞ্জয় মজুমদার, সমাজসেবক মিন্টু চক্রবর্তী প্রমুখ। এদিনের এই মহিলা সচেতনতা শিবিরে মহিলারা কি ভাবে আইনী সচেতনতা পেতে পারে বক্তারা তা তুলে ধরেন। এই আইনী সচেতনতা শিবিরে এলাকার জনজাতি অংশের মহিলাদের উপস্থিত ছিলো উল্লেখ্য যোগ্য।

রাজ্যের বিভিন্ন স্থানে গাঁজা বিরোধী অভিযান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি।। রাজ্যের বিভিন্ন স্থানে গাঁজা চাষ বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। গাঁজা চাষ বিরোধী অভিযান চালিয়ে একের পর এক সাফল্য পাচ্ছে পুলিশ ও নিরাপত্তা বাহিনী। তেলিয়ামুড়া থানা এলাকার কপালি টিলায় গাঁজা চাষ বিরোধী অভিযান চালিয়ে সাফল্য পেয়েছেন তেলিয়ামুড়া ট্রাফিক ডিএসপি সোনালচরণ জমতিয়া। সংবাদ সূত্রে জানা গেছে সুনীতি খবরের ভিত্তিতে ট্রাফিক ডিএসপি সনাতন জমতিয়া তেলিয়ামুড়া থানা এলাকার কপালে গাঁজা চাষ বিরোধী অভিযান চালান। তেলিয়ামুড়া থানার পুলিশকে সঙ্গে নিয়ে অভিযান চালাতে গিয়ে ব্যাপক সাফল্য মিলেছে গাঁজা চাষ বিরোধী অভিযান থেকে ফিরে ট্রাফিক ডিএসপি সোনাল চরণ জমতিয়া জানান তার কাছে সুনীতি খবর ছিল কপালে এলাকায় বেআইনিভাবে ব্যাপকহারে গাঁজা চাষ হচ্ছে সেই খবরের ভিত্তিতে তেলিয়ামুড়া থানার পুলিশকে সঙ্গে নিয়ে তিনি গাঁজা-চাষ বিরোধী অভিযান চালাতে গিয়ে সাফল্য পেয়েছেন। প্রচুর গাঁজার ছাড়া কেটে ধ্বংস করে দেওয়া হলেও গাঁজা চাষের সঙ্গে যুক্ত কাউকে আটক করা যায়নি। পুলিশের উপস্থিতি টের পেয়ে গাঁজা চাষীর সেখান থেকে পালিয়ে গেছে বলে জানান ট্রাফিক ডিএসপি। এ ধরনের অভিযান আগামী দিনেও অব্যাহত থাকবে বলে তিনি জানিয়েছেন। উল্লেখ্য ট্রাফিক দপ্তরের দায়িত্ব পালন করা সত্ত্বেও ডিএসপি সোনালচরণ জমতিয়া গত বেশ কিছুদিন ধরেই গাঁজা বিরোধী অভিযানে সাক্ষরিত হছেন। তার এ ধরনের ভূমিকায় সন্তোষ ব্যক্ত করেছেন সাধারণ মানুষ জন। উল্লেখ্য রাজ্য সরকার রাজ্যকে দেশা মুক্ত রাজ্য হিসেবে গড়ে তোলার জন্য উদ্যোগ গ্রহণ করেছে। রাজ্য সরকারের এই উদ্যোগকে সফল করার জন্যই ট্রাফিক ডিএসপি ট্রাফিক দপ্তরের দায়িত্ব পালনের পাশাপাশি বিরোধী অভিযানের সাক্ষরিত হছেন বলে জানান। এদিকে, গোপনখবরের ভিত্তিতে আজ ডিমাভালী এলাকায় এক গাঁজা বাগানে অভিযান চালায় বনদপ্তর, পুলিশ ও বি এস এফ এর জোড়ানরা। আজকের এই অভিযানে কমলপুর ও ডিমাভালী এলাকায় ১৩ টি প্লটে প্রায় ১৮০০ গাঁজাখাদ ধ্বংস করা হয়। আজকের এই অভিযান সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে জানান রাজনগরের ফরেস্ট অফিসার সঙ্গম বৈদ্য। তিনি জানান মুখ্যমন্ত্রীর নেশাশুল্ক ত্রিপুরা গভার লক্ষ্যকে সামনে রেখে উনারা কাজ করে যাচ্ছেন। আগামীদিনেও উনাদের এইধরনের অভিযান জারী থাকবে বলে জানান।

গন্ডাছড়া এলাকায় বিজেপির যুব মোর্চার বাইক র্যালী

নিজস্ব প্রতিনিধি, গন্ডাছড়া, ৬ জানুয়ারি।। ভারতীয় জনতা পার্টি যুব মোর্চার গন্ডাছড়া মন্ডল কমিটির উদ্যোগে বৃধবার রাইমাভালীতে এক অভিনন্দন রেলীর আয়োজন করা হয়। বাইক রেলীটি গন্ডাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠ থেকে শুরু হয়ে রাইমাভালী পর্যন্ত ত্রিপুরা কিলোমিটার পথ অতিক্রম করে। এই দিনের রেলীতে অংশ গ্রহন করেন ত্রিপুরা প্রদেশ জনজাতি মোর্চার রাজ্য সভাপতি তথা সাংসদ রেবতী ত্রিপুরা। তাছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রদেশ জনজাতি মোর্চার এডভাইজার কমিটির সদস্য তথা প্রাক্তন কক্ষ পতিরাম ত্রিপুরা, পার্টি ধলাই জেলা কমিটির সহ-সভাপতি বিকাশ চাকমা, গন্ডাছড়া মন্ডল সভাপতি ভূমিকানন্দ রিয়াং, যুব মোর্চার গন্ডাছড়া মন্ডল সভাপতি সঞ্জল মল্লিক প্রমুখ। এই দিনের অভিনন্দন রেলীতে প্রায় তিন শতাধিক বাইক নিয়ে যুব মোর্চার কর্মী সমর্থকরা অংশ গ্রহন করেন।

আগুনে পুড়ল ট্রিপার ট্রাক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জানুয়ারি।। বিশালগড় মহাকুমার চরিলাম মোটর স্ট্যান্ড মাটি ভরাটের কাজ করতে গিয়ে এক ট্রিপার ট্রাক বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আতঙ্কিত হয়েছে। আতঙ্কিত নাম সূজন আলী। সংবাদ সূত্রে জানা গেছে চরিলাম এ মোটর স্ট্যান্ড তৈরীর জন্য মাটি ট্রিপারের কাজ চলছে। মাটি ভরাট করার সময় একটি ট্রিপারের চালক যখন রিপার নিয়ে মাটি ফেলাতে যাচ্ছিল তখনই ট্রিপারটি বিদ্যুৎ লাইনের সঙ্গে লেগে যায়। তাতেই বিদ্যুৎস্পৃষ্ট হয়ে চালক আতঙ্কিত হন। ঘটনাক্রমে কেন্দ্র করে মুহুর্তেই এলাকায় আতঙ্কের সৃষ্টি হয়। জানা গেছে চালক বিদ্যুৎস্পৃষ্ট হলেও অল্পেতে প্রাণে বেঁচে গেছে। চালকের অসাবধানতার কারণেই এই ঘটনাটি ঘটেছে বলে স্থানীয় জনগণ জানিয়েছেন।

২৪ ঘন্টায় মৃত্যু ৩,৯৩৬ জনের, করোনা-সংক্রমণ বাড়ছেই আমেরিকায়

ওয়শিংটন, ৬ জানুয়ারি (হি.স.) : কোভিড-১৯ ভাইরাসে সৈনিক মৃত্যুর নিরিখে ফের রেকর্ড গড়ল আমেরিকা। একধাঙ্কায় আমেরিকায় মৃত্যু হয়েছে ৩,৯৩৬ জনের। পাশাপাশি বাড়তে বাড়তে আমেরিকায় ২১ মিলিয়নের গণ্ডি ছাড়িয়ে গেল করোনাভাইরাসের সংক্রমণ। আমেরিকায় সময় অনুযায়ী, মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত আমেরিকায় মৃত্যু হয়েছে ৩ লক্ষ ৫৭ হাজার ০৬৭ জনের। জ্যেষ্ঠ হৃৎপিণ্ড ইউনিভার্সিটির দেওয়া তথ্য অনুযায়ী, আমেরিকায় বিগত ২৪ ঘন্টায় (মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত) নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে ২ লক্ষ ৫০ হাজার ১৭৩ জন। এই সময়ে মৃত্যু হয়েছে ৩,৯৩৬ জনের। ফলে আমেরিকায় মতো করোনা-আক্রান্তের সংখ্যা ২১ মিলিয়ন ছাড়িয়েছে, মার্কিন মুলুকে করোনা কেড়ে নিয়েছে ৩,৫৭,০৬৭ জনের প্রাণ।